

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

বিগত ০৩ বছরে টেকসই উন্নয়ন অভিযন্তে পৌছানোর লক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বেকারত দূরীকরণ ও শোভনমূলক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ২৬০ জন আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাকে মৌলিক, কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন গুরুতপূর্ণ স্থাপনার নিরাপত্তা প্রদানে ১৫ জন অঙ্গীভূত আনসার এবং বিভিন্ন পর্যায়ের নির্বাচন, ধর্মীয় অনুষ্ঠানে ৪০০ জন আনসার-ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে। কোডিড-১৯ মোকাবেলায় ৫৫টি সুরক্ষা সামগ্রী, ১০০০ টি লিফলেট বিতরণ, ৮১০ টি পরিবারের মধ্যে খাদ্য সহায়তা প্রদানসহ লকডাউন বাস্তবায়নে আনসার-ভিডিপি সদস্যরা সক্রিয়ভাবে দায়িত্ব পালন করেছে। আধুনিক ও যুগেয়োগী কর্ম-পরিবেশ সৃষ্টি। মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ত্বী উপলক্ষ্যে অস্বচ্ছল সদস্যদের জন্য ০১টি গৃহ নির্মাণ, ২০ টি তাল গাছ ৪১০ টি ফলজ ও বনজ গাছ সহে মোট ৪৩০ টি গাছ বৃক্ষরোপন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

- ক) বাহিনীর কাজের পরিধির তুলনায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর ঘাটতি, নিরাপত্তা প্রদানের জন্য জনবলের চাহিদার তুলনায় ব্যাটালিয়ন আনসারের স্বল্পতা এবং যানবাহনের ঘাটতি।
- খ) প্রয়োজনীয় অবকাঠামো ও আবাসন খাতে উন্নয়নের জন্য অপ্রতুল বরাদ্দ।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- (১) প্রতিবছর বিভিন্ন মৌলিক, কারিগরি, পেশাভিত্তিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করে অন্ততঃ ৬২০ আনসার ও ভিডিপি সদস্যকে দক্ষ মানব সম্পদ রূপে গড়ে তোলা।
- (২) আগামী ০৫ বছরে ১৮০ সাধারণ আনসার সদস্যকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সরকারি-বেসরকারি সংস্থার নিরাপত্তা দানের জন্য সক্ষম করে গড়ে তোলা।
- (৩) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা।

২০২২-২০২৩ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ

- (১) ১৫২ জন আনসার ও ভিডিপির সদস্যদের কারিগরি, পেশাভিত্তিক মৌলিক ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ মানব সম্পদ উন্নয়ন।
- (২) সরকারি-বেসরকারি সংস্থার নিরাপত্তায় ১৫ জন অংগীভূত আনসার মোতায়েন।
- (৩) রাষ্ট্রীয় ও ধর্মীয় অনুষ্ঠানাদির নিরাপত্তায় ৪১২ জন আনসার-ভিডিপি সদস্য মোতায়েন।
- (৪) দুর্ঘাগ্রস্ত ব্যবস্থাপনা প্রশিক্ষণের মাধ্যমে ১৩ জন স্বেচ্ছাসেবী তৈরি।